গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়
রংপুর।

http://rangpur.judiciary.org.bd/

**অফিস আদেশ ঃ**

নং ঃ ৩৭৮/২০২১ — তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রিঃ।

রংপুর জজশীপের নেজারত বিভাগের অবসর উত্তর ছুটি ভোগরত জারীকারক জনাব মোঃ আব্দুল কাদের এর সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত অর্থ চূড়ান্ত উত্তোলনের আবেদন, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক প্রদত্ত আবেদনকারীর সাধারণ ভবিষ্য হিসাবে জমার স্থিতি সংক্রান্ত অথরিটি, অত্রাদালতের হিসাব রক্ষকের প্রতিবেদন দেখিলাম ও পর্যালোচনা করিলাম। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক প্রদত্ত দরখাস্তকারীর সাধারণ ভবিষ্য তহবিল হিসাবে জমার স্থিতি সংক্রান্ত অথরিটি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আবেদনকারী জনাব মোঃ আব্দুল কাদের এর হিসাবে ১,৬৮,৫০৫.১৪ (এক লক্ষ আটষট্টি হাজার পাঁচশত পাঁচ টাকা চৌদ্দ পয়সা) টাকা জমা আছে।

এমতাবস্থায়, অবসর উত্তর ছুটি ভোগরত আবেদনকারী কর্মচারীর আবেদন মঞ্জুরক্রমে সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা/১৯৭৯ এর বিধি ২০ মোতাবেক তাহার নামীয় সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং-হিসাব নম্বর ১০০০১৬৩০৪৬ (পুরাতন হিসাব নম্বর-III/বিচার/পীর/১) এ জমাকৃত ১,৬৮,৫০৫.১৪ (একলক্ষ আটষট্টি হাজার পাঁচশত পাঁচ টাকা চৌদ্দ পয়সা) টাকা চুড়ান্ত উত্তোলনের নিমিত্ত মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরংঃ-৩৮৫ (০৭)/২০২১ — তারিখ ঃ ১৭/১১/২০২১ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ**

১। চেয়ারম্যান (বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইঃ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। জনাব মোঃ আব্দুল কাদের, জারীকারক, (অবসরউত্তর ছুটি ভোগরত), নেজারত বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

(মোঃ শাহেনূর)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর। ১৭/১১/২০২১